

Times Today BD

জিএম সিরাজ | দেশজুড়ে | 14 June, 2025

কুড়িগ্রামের ফুলবাড়ীতে জমি দখল করতে ভাড়াটে লোকজন নিয়ে হামলা ও সংঘর্ষের ঘটনায় নারীসহ ৩ জন আহত হয়েছে।

শুক্রবার (১৩ জুন) বিকালে উপজেলার ভাঙ্গামোড় ইউনিয়নের পূর্ব রাবাইতোরি গ্রামে এ ঘটনা ঘটে।

এসময় হামলাকারীদের আটক করে অবরুদ্ধ করে রাখে স্থানীয় জনতা। এদিকে হামলাকারীদের পক্ষ নিয়ে উদ্ধার করতে যাওয়ায় ৪ পুলিশ সদস্যের উপর উত্তেজিত হয় উপস্থিত জনতা।

পরে ঘটনাস্থলে অতিরিক্ত পুলিশ উপস্থিত হয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণ করে ৪ হামলাকারীদের গ্রেপ্তার করে থানায় নিয়ে আসে। পরে ৪ পুলিশ সদস্যকে ক্লোজড করে কুড়িগ্রাম পুলিশ লাইন্সে নেয়া হয়েছে। ক্লোজড পুলিশ সদস্যরা হলেন, ফুলবাড়ী থানার এসআই আব্দুর রশিদ, এএসআই শামিম, এএসআই শাহানুর ও কনেষ্টবল দুলাল চন্দ্র।

জানা গেছে, ওই গ্রামের মৃত আজিজার রহমানের ছেলের মধ্যে বাড়ী ভিটার জমি নিয়ে দীর্ঘদিন ধরে বিরোধ চলছে। শুক্রবার বিকালে বড়ভাই মাহাবুর রহমান ভাড়াটে লোকজনসহ দেশীয় অস্ত্র নিয়ে ছোটভাই মফিজুল ইসলামের বাড়ীতে হামলা চালায়। হামলায় ধারালো দায়ের কোপে মফিজুল ইসলাম (৪০) তার স্ত্রী রেহেনা বেগম (৩৫) ও ভাবি হালিমা বেগম (৫০) গুরুতর আহত হন। শোরগোল শুনে এলাকার লোকজন ছুটে এসে আহতদের উদ্ধার ফুলবাড়ী হাসপাতালে পাঠায়।

এ সময় আপন ভাই ও তার স্ত্রী সন্তানদের উপর ভাড়াটে লোকজন দিয়ে হামলা করায় স্থানীয়রা বিক্ষুব্ধ হয়ে মাহাবুর রহমানসহ ৪ জনকে আটক করে ঘরে অবরুদ্ধ করে রাখেন। অন্য ভাড়াটেরা পালিয়ে যায়। পরে ফুলবাড়ী থানার চার পুলিশ সদস্য গিয়ে অবরুদ্ধদের উদ্ধার করতে গেলে জনতার সাথে বাকবিতণ্ডতা হয়। পরে ঘটনাস্থলে অতিরিক্ত পুলিশ গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে এবং মাহাবুর রহমান (৪৫) মারুফ রহমান (২০) বিলকিছ বেগম (৩৫) মুকুল মিয়াকে (২০) গ্রেপ্তার করে থানায় নিয়ে আসে।

সহকারী পুলিশ সুপার (নাগেশ্বরী সার্কেল) মোজাম্মেল হক, ফুলবাড়ী থানার অফিসার ইনচার্জ (ওসি) আব্দুস ছালামসহ পুলিশের একটি দল ঘটনাস্থল পরিদর্শন করেন। সহকারী পুলিশ সুপার (নাগেশ্বরী সার্কেল) মোজাম্মেল হক জানান, এ ঘটনায় চার পুলিশ সদস্যকে রাতেই কুড়িগ্রাম পুলিশ লাইনে ক্লোজড করা হয়েছে। ঘটনার ব্যাপারে তদন্ত এবং মামলার প্রক্রিয়া চলছে।

URL: <https://timestodaybd.com/across-the-country/3405775807>